

বিজ্ঞপ্তি

তারিখ: ১৯/০৫/২০২৬

বিষয়: দ্বিতীয় সেমিস্টারের কমিউনিটি সার্ভিস প্রজেক্ট খাতা জমা দেওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়ের দ্বিতীয় সেমিস্টারের (NEP-2020 এর অধীনে ভর্তি হওয়া) ২০২৫-২৬ শিক্ষা বর্ষের সমস্ত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত 'কমিউনিটি সার্ভিস' (Community Service) বিষয়ের প্রজেক্ট খাতা (Project Report) আগামী ১৩ ই জুন, ২০২৬ তারিখের মধ্যে কমিউনিটি সার্ভিস বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের কাছে জমা দিতে হবে।

প্রজেক্ট খাতা তৈরির ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশাবলী অবশ্যই মেনে চলতে হবে:

- প্রথম পাতা (Front Page): কলেজের নাম, ছাত্র/ছাত্রীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, সেমিস্টার এবং প্রজেক্টের নাম পরিষ্কারভাবে লিখতে হবে।
- মোট নম্বর ৫০। পাঁচটি বিষয়ে প্রজেক্ট খাতা তৈরি করতে হবে। গাছ লাগানোর ওপরে রয়েছে ১০ নম্বর। ফুল কলেজ পরিষ্কার পরিচ্ছন্নতার ওপরে রয়েছে ১০ নম্বর। টোবাকো অ্যাওয়ারনেস এর ওপরে রয়েছে ১০ নম্বর। পাওয়ার ম্যানেজমেন্ট এর ওপরে রয়েছে ১০ নম্বর। জল সংরক্ষণের বিষয়ে রয়েছে ১০ নম্বর।
- বিবরণ: কমিউনিটি সার্ভিসের কাজের বিবরণ, উদ্দেশ্য, কাজের স্থান এবং এর সামাজিক প্রভাব স্পষ্ট করে লিখতে হবে।
- ছবি: কাজের সত্যতা প্রমাণের জন্য সংশ্লিষ্ট কাজের অন্তত ২-৩টি ছবি খাতার সাথে যুক্ত করতে হবে।
- স্বাক্ষর: প্রজেক্ট খাতার শেষে ছাত্র/ছাত্রীর নিজস্ব স্বাক্ষর এবং তারিখ থাকা বাধ্যতামূলক।
- নির্দিষ্ট তারিখের পর কোনো প্রজেক্ট খাতা গ্রহণ করা হবে না এবং এর জন্য কোনো শিক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কমিউনিটি সার্ভিস বিষয়ে বিস্তারিত জানার জন্য এই কিউ আর কোড স্ক্যান করে হোয়াটসঅ্যাপ গ্রুপে জয়েন করো।




19.05.27

ড উমা ভৌমিক

অধ্যক্ষ

বিবেকানন্দ শতবার্ষিকী মহাবিদ্যালয়

Principal
V. S. Mahavidyalaya
Manikpara, Jhargram

